

সমকাল

সোমবার ২৬ জানুয়ারি ২০১৫

বীমা চেক পেলেন নিট খাতের মৃত শ্রমিকদের পরিবার

■ সমকাল প্রতিবেদক

নিটওয়্যার শিল্পে কর্মরত অবস্থায় মৃতুবরণকারী শ্রমিকদের পরিবারের মাঝে ৮১টি মৃত্যুজনিত বীমা চেক গতকাল রোববার হস্তান্তর করা হয়েছে।

বিকেএমইএ ঢাকা কার্যালয়ে আয়োজিত এ অনুষ্ঠানে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিকেএমইএ সভাপতি একেএম সেলিম ওসমান এতে সভাপতিত্ব করেন।

সভায় শ্রম প্রতিমন্ত্রী নিট খাতের উন্নয়নে এবং উৎপাদনশীলতা বৃদ্ধিসহ নতুন বাজার সম্প্রসারণের আহ্বান জানান। তিনি বিকেএমইএ প্রতিনিধিদের নিটওয়্যার খাতকে একটি শিল্পবান্ধব প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে প্রয়োজনীয় সব ধরনের সহায়তার আশ্বাস দেন। মৃত শ্রমিকদের পরিবারের মাঝে বীমা চেক হস্তান্তরকে একটি অত্যন্ত শ্রমকল্যাণমূলক ও সময়োপযোগী পদক্ষেপ হিসেবে আখ্যায়িত করেন। বিকেএমইএ সভাপতি রানা গ্লাজা ধস এবং তাজরীন অগ্নিকাণ্ড-পরবর্তী সময়ে বাংলাদেশের তৈরি পোশাক কারখানাগুলোর নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে তার সংগঠন কাজ করছে উল্লেখ করে বলেন, এতে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে।

সভায় জানানো হয়, গত অর্ধবছরে এ খাতে ১৫ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে। চলতি অর্ধবছরে প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১০ শতাংশ। তবে বর্তমান অস্থিতিশীল রাজনৈতিক পরিস্থিতিতে উৎপাদন কার্যক্রম বিঘ্নিত হওয়ার পাশাপাশি রফতানি পণ্য পাঠাতে সমস্যা হচ্ছে।

সভায় আরও বক্তব্য রাখেন বিকেএমইএর প্রথম সহসভাপতি এএইচ আসলাম সানী।